

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

## আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا أَنسُ بْنُ عِيَاضٍ عَنْ أَبِي حَازِمٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم قال:

(أُنْزِلَ الْقُرْآنُ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ وَالْمِرَاءُ فِي الْقُرْآنِ كُفْرٌ ـ ثَلَاتًا ـ مَا عَرَفْتُمْ مِنْهُ فَاعْمَلُوا بِهِ وَمَا جَهِلْتُمْ مِنْهُ فَرُدُّوهُ إِلَى عَالِمِهِ).

00 0000 0

[تعليق الشيخ الألباني] صحيح \_ ((الصحيحة)) (1522).

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا عَرَفْتُمْ مِنْهُ فَاعْمَلُوا بِهِ) أَضْمَرَ فِيهِ الْاسْتِطَاعَة يُرِيدُ: اعْمَلُوا بِمَا عَرَفْتُمْ مِنَ الْكِتَابِ مَا اسْتَطَعْتُمْ .. [ص: 197] وَقَوْلُهُ: (وَمَا جَهِلْتُمْ مِنْهُ فَردُّوه إِلَى عَالِمِهِ) فِيهِ الزَّجْرُ عَنْ ضِدِّ هَذَا الْأَمْرِ وَهُوَ أَنْ لَا يَعْلَم.

الحديث: 74 | الجزء: 1 | الصفحة: 196

## বাংলা

৭৪. আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্নিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কুরআন সাতটি হরফে (সাত পদ্ধতির কিরাআতে) নাযিল হয়েছে। আর কুরআনের ব্যাপারে বিতর্ক করা কুফরী- তিনি এটি তিনবার



বলেছেন। কুরআনের যে বিষয় তোমরা জান, তা আমল কর। আর এর যে সকল বিষয়ে তোমরা জানো না, তা এ সম্পর্কে যারা আলিম, তাদের নিকট সোপর্দ কর।[1]

আবৃ হাতিম (ইবনু হিব্বান) বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের বাণীঃ কুরআনের যে বিষয় তোমরা জান, তা আমল কর।"- এর অর্থ হলো, এর মধ্যে 'সাধ্যমত' শব্দটিকে তিনি মনে মনে গোপন রেখেছেন, যার দ্বারা তিনি বুঝিয়েছেনঃ "কুরআনের যে বিষয় তোমরা জান, তা 'সাধ্যমত' আমল কর।" আর তাঁর বাণীঃ আর এর যে সকল বিষয়ে তোমরা জানো না, তা এ সম্পর্কে যারা আলিম, তাদের নিকট সোপর্দ কর"- এতে এ বিষয়টির বিরুদ্ধে নিষেধাজ্ঞা রয়েছে, আর তা হলো,' যে জানে না, তাকে জিজ্ঞেস করো না।'

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।

আরনাউত্ব: এর সনদ বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: আহমাদ ২/৩৩২; বাযযার, ২৩১৩; হাইসামী, মাজমা ৭/১৫১; হাইসামী বলেন, আহমাদ দুটি সনদে বর্ণনা করেছেন। এর একটি সনদের রাবী সহীহ হাদীসের রাবী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন